



BANGLADESH COUNCIL FOR CHILD WELFARE (BCCW)
বাংলাদেশ শিশু কল্যাণ পরিষদ (বাশিকপ)

Registered with Department of Social Services, # 201(1961)/ Foreign Donation Registration # 499
22/1 Topkhana Road, Dhaka-1000, Phone : 02223384257, 02223389760
E-mail: shishukallyanparishad@gmail.com, Website : www.bccw-bd.org



ফা-এপি-০১/বাশিকপ'২০০৫(প্রশাসন)প-২৩৪

তারিখ : ০৩-১২-২০২১

প্রেস বিজ্ঞপ্তি

মাসিক সাহিত্য আসর শততম সংখ্যা উর্মির মোড়ক উন্মোচন



বাংলাদেশ শিশু কল্যাণ পরিষদ আয়োজিত নিয়মিত মাসিক সাহিত্য আসর শততম পর্ব সুসম্পন্নকরণ উপলক্ষে প্রকাশিত উর্মির মোড়ক উন্মোচন অনুষ্ঠান গতকাল ০৩ ডিসেম্বর, ২০২১ শুক্রবার বিকেল ৪টায় পরিষদ মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। মোড়ক উন্মোচন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শিশু সংগঠক, স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের শব্দ সৈনিক বীর মুক্তিযোদ্ধা অধ্যাপক নিরঞ্জন অধিকারী। সম্মানীত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দৈনিক দেশেরকণ্ঠ পত্রিকার উপদেষ্টা সম্পাদক কবি নাসির আহমেদ। সভাপতিত্ব করেন বাংলাদেশ শিশু কল্যাণ পরিষদ-এর সভাপতি ডা. মাখদুমা নাগিস। স্বাগত বক্তব্য রাখেন সাহিত্য, পাঠাগার, প্রশিক্ষণ, গবেষণা ও প্রকাশনা উপ-কমিটির চেয়ারম্যান ও সহ-সভাপতি এম আজিজুল ইসলাম এবং শুভেচ্ছা বক্তব্য রাখেন বাশিকপ সাধারণ সম্পাদক মোহাম্মদ মনিরুল আলম। এ সময় উপস্থিত ছিলেন কার্যনির্বাহী পরিষদ সদস্যবৃন্দ, সম্মানিত কাউন্সিলরবৃন্দ, বাশিকপ পরিচালক ও মাসিক সাহিত্য আসরের ক্ষুদে লিখিয়ে বন্ধুরা। মোড়ক উন্মোচন অনুষ্ঠানে ক্ষুদে লিখিয়ে বন্ধুদের মধ্যে থেকে প্রকাশিত লেখা পাঠ করে শোনান আরিশা বিনতে শওকত, খাদিজা সৃষা, তায়েবা তানহা ও মোমিন মেহেদী।

নাসির আহমেদ

নাসের ইকবাল যাদু
যুগ্ম সম্পাদক, বাশিকপ